# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন
## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম : সেপ্টেম্বর/২০২০**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | ০২ | ০২ | ০৪ | ১৫ | ১৯ | ০৮ | পরিশিষ্ট-ক | ১১ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | - | - | - | ০১ | ০১ | - | - | ০১ | ঐ |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | - | - | ০ | ০৮ | ০৮ | ০০ | - | ০৮ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | ০২ | - | ০২ | ০৪ | ০৬ | ০২ | পরিশিষ্ট-ক | ০৪ | ঐ |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) | ০৩ | ০ | ০৩ | ০৩ | ০৬ | ৪ | পরিশিষ্ট-ক | ০২ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | | | . | ০১ | ০১ | - | - | ০১ | ঐ |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | |
| পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | - | - | - | - | - | |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | |
| **মোট** | **০৭** | **০২** | **০৯** | **৩২** | **৪১** | **১৪** | - | **২৭** | |

**পরিশিষ্ট-ক**

১। **শিল্প মন্ত্রণালয়:**

(ক) জনাব মোঃ দেলোয়ার হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

(খ) বিসিআইসি'র অবৈধ সিবিএ ০৪ নেতা ও জড়িত কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত অভিযোগ তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

(গ) ২,২৫,০০,০০০/- (দুই কোটি পঁচিশ লক্ষ) টাকা দুর্নীতির বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

(ঘ) ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিঃ এ নিয়োগ বাণিজ্য ও দুর্নীতি সংক্রান্ত অভিযোগ তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

(ঙ) ড. মো: মফিজুর রহমান (পরিচিত নম্বর: ৪৬৭০), অতিরিক্ত সচিব (পিআরএল), প্রাক্তন মহাপরিচালক, বিটাক-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে এবং তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, বিটাক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(চ) শিল্প মন্ত্রণালয়ের অফিস সহায়ক জনাব মোঃ আমিরুল ইসলাম এর বিরুদ্ধে আনীত প্রতারণা সংক্রান্ত অভিযোগ তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর পত্র প্রেরণের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

**অনলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি**

(ক) এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক (জনসংযোগ) পদে নিয়োগ পরীক্ষার অনিয়মে জরিতদের শাস্তির দাবি সংক্রান্ত্র অভিযোগ পত্রটি ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন এর মতামত অনুযায়ী প্রমাণিত না হওয়ায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

(খ) আরজেএসসি সংক্রান্ত অভিযোগের বিষয়টি নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর সংক্রান্ত হাওয়ায় সেখানে প্রেরণের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

২। **বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):**

(ক) জনাব এবিএম আব্দুর রহমান, উপ-ব্যবস্থাপক, শিসকে, বিসিক, পিরোজপুর এর বিরুদ্ধে বিসিকের শুভাকাংখীবৃন্দ কর্তৃক ঘুষ নিয়ে ঋণ বিতরণসহ বিভিন্ন অপরাধমূলক ও অনৈতিক কর্মকান্ডের বিষয়ে অভিযোগের কোন সত্যতা না থাকায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

(খ) জনাব মোঃ জামির, শিল্পনগরী, বালিয়াডাংগা, যশোর সদর, যশোর জনাব মোঃ লুৎফর রহমান, সাবেক শিল্পনগরী কর্মকর্তা ও ডিজিএম যশোর শিল্পনগরী, যশোর এর বিরুদ্ধে যশোর শিল্পনগরী লুটপাটের অভিযোগটি পূর্বে অপ্রমাণিত হওয়ায় বিষয়টি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

**অ. পৃ. দ্র.**

## ৩। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই)

(ক) জনাব সাখাওয়াত খান নামীয় ব্যক্তি অভিযোগ করেন যে, তার ক্রয়কৃত ভিশন আইরন ত্রুটিপূর্ণ। উক্ত অভিযোগের প্রেক্ষিতে ভিশন ব্রান্ডের আয়রণ এর নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষান্তে নমুনাটি কৃতকার্য হয়েছে। পরীক্ষার ফলাফল উৎপাদনকারী ও অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়েছে।

(খ) নেসলে বাংলাদেশ লি. কর্তৃক অভিযোগ করা হয় যে, নেসলে বাংলাদেশ লি. এর আমদানিকৃত গুড়ো দুধ, শিশু খাদ্য ও কফি পণ্য অবৈধভাবে আমদানিপূর্বক বিএসটিআই'র অনুমোদন ব্যতিরেকে বেশ কিছু ব্যবসায়ী/প্রতিষ্ঠান বিক্রয়/বিতরণ করছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে তদন্ত করে সত্যতা পাওয়ায় মোবাইল কোর্টের মাধ্যমে গুলশান এলাকায় অভিযান পরিচালনা করে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা করা হয়েছে।

(গ) জনাব জামাল উদ্দিন, শিক্ষক, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট হতে ই-মেইল যোগে টাইগার ব্রান্ডের মশলায় ক্ষতিকর রং মেশানো হয়েছে মর্মে অভিযোগ করা হয়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযোগকারীর প্রতিনিধির উপস্থিতিতে খোলাবাজার হতে পণ্যটির নমুনা সংগ্রহ করে বিএসটিআই'র ল্যাবে পরীক্ষা করা হয়। পরীক্ষান্তে পণ্যটিতে ক্ষতিকর কিছু পাওয়া যায়নি। তবে ময়েশ্চার প্যারামিটারের অকৃতকার্য হওয়ায় প্রতিষ্ঠানটিকে শোকজ করা হয়েছে।

(ঘ) শিহাব বেকারী, সুত্রাপুর, ঢাকার বিরুদ্ধে বিএসটিআই'র অনুমোদন ব্যতিরেকে বেকারী পণ্য উৎপাদন ও বিক্রি-বিতরণের অভিযোগ পাওয়া যায়। অভিযোগটি তদন্ত করে সত্যতা পাওয়ায় মোবাইল কোর্টের মাধ্যমে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।